উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

**অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব এস.এম. আলমগীর
প্রশাসক, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ২৮/১০/২০২৪ খ্রি:

সময় : দুপুর ১১.০০ ঘটিকা।

উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, হাসপাতালের সকল বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। HPV- (Human Papiloma Vaccine) ভ্যাকসিন প্রদান চলমান রয়েছে তবে ভ্যাকসিন প্রদানের জন্য যে পরিমাণ রেজিস্ট্রেশন করার প্রয়োজন তা আমরা পাচ্ছি না। জরায়ুর মুখে ক্যানসার প্রতিরোধের জন্য এই পর্যন্ত ৪০০০ (চার) হাজার জন রেজিস্ট্রেশন করেছেন। নয়ানগর ইউনিয়নের একটি মহিলা মাদ্রাসায় ভ্যাকসিন গ্রহণে শিক্ষকদের অনাগ্রহ রয়েছে। এছাড়া হাসপাতালের অন্যান্য কার্যক্রম স্বাভবিক রয়েছে। | আলোচনান্তে, HPV- (Human Papiloma Vaccine) প্রদান করার ক্ষেত্রে সকল বিদ্যালয়ের শিক্ষক ও ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এই মাসে এখন পর্যন্ত ১৭০ টি নরমাল ডেলিভারি হয়েছে, ১৩০ জন নবজাতক কে সেবা দেওয়া হয়েছে। ৫২৫১ জন্য সাধারণ রোগিকে সেবা দেওয়া হয়েছে। ১৫১৭ জন কিশোর – কিশোরী কে তাদের চাহিদা মতো সেবা দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভবিক রয়েছে। | আলোচনান্তে, সকল প্রকার সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১৮০ জন কৃষকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রত্যেক ডিলার পয়েন্টে সার, বীজ, বালাইনাশক তদারকি করা হচ্ছে। রবি মৌসুমে সরিষা আবাদ বৃদ্ধি করার জন্য কৃষকদের পরামর্শ দেওয়া হচ্ছে। রবি মৌসুমে প্রকৃত কৃষকদের কে সার, বীজ প্রনোদনা দেওয়া হবে, আর এই প্রনোদনা সরবরাহ করবে বিএডিসি অফিস থেকে। | মাঠ পর্যায়ে কৃষককে নিবিড় পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সভায় জানান যে, অক্টোবর/২০২৪ ইং মাসে ১টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ১৩ অক্টোবর হতে ৩ নভেম্বর পর্যন্ত ইলিশ আহরণ নিষিদ্ধ করা হয়েছে। এই সময়ে সারাদেশে ইলিশ পরিবহন ক্রয় বিক্রয়, মজুদ ও বিনিময় নিষিদ্ধ থাকবে। এই এলাকা ইলিশ আহরণ জোনের মধ্যে না থাকলেও জাটকা ইলিশ যাতে বিক্রি না হয় সে ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান অক্টোবর/২৪ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ১০১০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৮৪ টি, গবাদিপশু চিকিৎসা প্রদান সংখ্যা ১০২৮০টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ৪৯২০০ টি, খামার পরিদর্শন ১২ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৯টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীরর সংখ্যা ১৪৫ জন, টিকা বিক্রি বাবদ রাজস্ব আদায় হয়েছে ২২৫৯৫ টাকা এবং সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় হয়েছে ৭৫৭৫০ টাকা খামার নিবন্ধন বাবদ ৬৫০০ টাকা। পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প এর মাধ্যমে ০১/১০/২০২৪ ইং তারিখ হতে২৫/১০/২০২৪ ইং তারিখ পর্যন্ত মেলান্দহ উপজেলার ১১ টি ইউনিয়ন ও ০২টি পৌরসভার অধিনে সকল ছাগল ও ভেড়ার বিনামূল্যে ৮১০০০ (মাত্রা) পিপিআর রোগের টিকা প্রদান করা হয়। ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্পের মাধ্যমে ০১টি ইউনিয়নে বিভিন সংক্রামক রোগের ভ্যাক্সিনেশন প্রোগ্রাম করা হয়েছে এবং পর্যায়ক্রমে সকল ইউনিয়নে ভ্যাক্সিনেশন প্রোগ্রাম চলমান থাকবে। প্রাণি সম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ ইউনিয়ন পর্যায়ে গঠিত পিজি খামারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে । | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, এখন পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি, ইজিপিপি তালিকা প্রত্যেক ইউনিয়নে চাওয়া হয়েছিল কিছু ইউনিয়নের তালিকা পাওয়া গেলেও অন্যান্য ইউনিয়নের ইজিপিপি এর তালিকা রেজুলেশনসহ পাওয়া যায়নি। | আলোচনান্তে ইজিপিপি কর্মসূচির আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প ও রেজুলেশন দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, মেলান্দহ কর্তৃক বাস্তবায়িত সামাজিক ভাতা প্রদানের জন্য গত ২০/১০/২০২৪ তারিখ পে-রোল প্রেরণ করেছি। সার্ভার সমস্যার কারনে প্রতিস্থাপন কার্যক্রম সম্ভব হয়নি, প্রত্যেক ইউনিয়ন হতে প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত দুইজন করে লোকের নামের তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ কে অনুরোধ করেন। | আলোচনান্তে দপ্তরের সেবামূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৩৫ টি সপ্রাবি পরিদর্শন ২। সকল প্রধান শিক্ষকদের নিয়ে ক্লাস্টার ভিত্তিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয় ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর মহোদয়ের উপস্থিতিতে, সকল প্রধান শিক্ষকদের নিয়ে মাসিক সমন্বয় সভা ৪। ১১৮ টি বিদ্যালয়ে স্পীকার বিতরণ ৫। প্রতিটি বিদ্যালয়ে এডহক কমিটি অনুমোদন কাজ চলমান ৬। বিদ্যালয়ের সকল প্রকার উন্নয়ন মূলক কাজের তদারকি করা হয় ৭। দাপ্তরিক অন্যান্য কাজ চলমান রয়েছে। | বিদ্যালয় পরিদর্শন ও অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ৯ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১। ২০২৩-২৪ চক্রের ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) অক্টোবর/২০২৪ ইং মাসে ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়েছে ২। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের জুলাই/২০২৪ হতে অক্টোবর/২০২৪ ইং মাসে প্রতি ইউনিয়ন ০৯টি করে বরাদ্দ পাওয়া যায়। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ঋণ বিতরণ চলমান রয়েছে তবে ঋণ আদায় কম হচ্ছে। আগামি ১/১১/২০২৪ তারিখ যুব উন্নয়ন দিবস পালিত হবে, এই দিবস পালন করার জন্য সকলেকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান, অনেক ঠিকাদার আত্মগোপনে থাকায় উন্নয়ন মূলক কার্যক্রম কিছুটা ধীরে হচ্ছে। টুপকারচর হাইস্কুলের বাউন্ডারী ওয়াল করার জন্য টেন্ডার হয় কিন্তু স:প্রা: বি: এর বাউন্ডারী থাকায় হাইস্কুলের বাউন্ডারী আর প্রয়োজন না থাকায় এলাবাসী হাইস্কুলের গেইট নির্মাণ করার জন্য অনুরোধ করেন। আমবাড়ীয়া বাজারে গাছের গুড়ি অপসারণ না হওয়ায় অনেক সমস্যা হচ্ছে, এছাড়া ফুলকোচা বাজার ও মাহমুদপুর বাজারে কিছু অবৈধ স্থাপনা রয়েছে এগুলো সমাধান করা প্রয়োজন। ঘোষেরপাড়া ইউনিয়নে দুইটি ব্রীজ হবে সেখানে জমি অধিগ্রহণ কাজ শুরু হবে। | আলোচনান্তে, টুকারচর হাইস্কুলের বাউন্ডারী ওয়াল করার পরিবর্তে গেইট নির্মাণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা ও বিধি মোতাক করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, আদ্রা ইউনিয়নে পল্লী বিদ্যুৎ লাইনের যে সমস্যা ছিল তা সমাধান হয়েছে। ২৫০০ ল্যাট্রিন এর মধ্যে ৯০০টি ল্যাট্রিন এর কাজ শেষ হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় সমবায় দিবস বাংলাদেশ সরকার ঘোষিত একটি জাতীয় দিবস। সমবায় সম্পর্কে জনগণকে সচেতন করা এবং সমবায় আন্দোলনের গতিশীলতা আনয়নের জন্য প্রতিবছর নভেম্বর মাসের ১ম শনিবার দিবসটি সারাদেশ ব্যাপী উদযাপন করা করা হয়। আগামী ০২ নভেম্বর ২০২৪ খ্রি: শনিবার সারাদেশের একযোগে ৫৩তম জাতীয় দিবস ২০২৪ উদযাপিত হবে। এই দিবসে তিনি সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | সমবায় দিবস সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, কিছু ঋণ গ্রহীতা ঋণ এর কিস্তি পরিশোধ না করার কারনে তাদের বিরুদ্ধে ফৌজদারি মামলা হয়ে ছিল, কিছু দিনের মধ্যে ওয়ারেন্ট চলে আসবে এ ব্যাপারে থানা ভারপ্রাপ্ত কর্মকর্তার সহযোগিতা প্রত্যাশা করেন। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, উপজেলা নার্সারী কেন্দ্রের জন্য উপজেলা প্রাঙ্গনে কমপক্ষে ২০ শতাংশ জায়গা বরাদ্দের আবেদন করা হয়। উপজেলার বিভিন্ন স্থানে অবৈধ ভাবে গড়ে উঠা করাত কল এর মালিকদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং করাত কল লাইসেন্স প্রদানে আবেদনকারীদের সর্বাত্মক সহযোগিতা করার প্রয়োজন। অত্র উপজেলাধীন মালঞ্চ গ্রাম নিবাসী মো: চান মিয়া পিতা-মৃত: ছাবেদ মন্ডল নামে এক ব্যক্তি সম্প্রতি নতুন ১টি করাত কল স্থাপনের জন্য আবেদন করেছেন। তার দাখিলকৃত আবেদন পত্র ও অন্যান্য প্রয়োজিনীয় কাগজ পত্রাদি সঠিক পাওয়া যায় বিধায় নতুন করাত কল স্থাপনের বিষয়ে জেলা মাসিক সমন্বয় সভায় সুপারিশসহ অত্র আবেদনপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অবৈধ ভাবে গড়ে উঠা করাত কল এর মালিকদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা ফরেস্টার |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৩৫টি স:প্রা:বি: পরিদর্শন ০২। সকল প্রধান শিক্ষকদের নিয়ে ক্লাস্টার ভিত্তিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয় ০৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপর মহোদয়ের উপস্থিতিতে,সকল প্রধান শিক্ষকদের নিয়ে মাসিক সমন্বয় সভা ০৪। ১১৮টি বিদ্যালয়ে স্পীকার বিতরণ ০৫। প্রতিটি বিদ্যালয়ে এডহক কমিটি অনুমোদন কাজ চলমান ০৬। বিদ্যালয়ের সকল প্রকার উন্নয়ন মূলক কাজের তদারকি করা হয়। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অক্টোবর/২০২৪ মাসে খাদ্যবান্ধব কর্মসূচিতে ২১,৬৪১ জন সুবিধাভোগীর কাছে সরকারি ব্যয়ে পুষ্টি চাল বিতরণ কার্যক্রমের অধীনে সাধারণ চাল ৬৪৯.২৩০ মে.টন ও কার্নেল ৬.৪৯২ মে.টন সর্বমোট ৬৫৫.৭২২ মে.টন পুষ্টিচাল বিতরণ কার্যক্রম চলমান। ৫ জন ওএমএস ডিলার ও ২ জন খাদ্যবান্ধব ডিলার মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে মেলান্দহ উপজেলায় ২০ জন টিসিবি ডিলারকে চাল দেওয়া হয়। এছাড়া সময়ে সময়ে ওএমএস ডিলারগণের মাধ্যমে চাল ও আটা সাধারণ ভোক্তার মধ্যে সরকার নির্ধারিত মূল্যে বিক্রি করা হয়। ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। ফায়ার সার্ভিস প্রতি মাসে ১১/২৮ টাকা কেজি দরে চাল ও ৯/২০ টাকা কেজি দরে গম উত্তোলন করেন। | ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৮ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, পরিবর্তিত পরিস্থিতিতে ইউজিডিপির কার্যক্রম নতুন আঙ্গিকে আসছে। নতুন কর্ম কৌশল নির্ধারণে ইউজিডিপির প্রধান কার্যালয়ে কিছু সময় লাগছে। বাস্তবায়িত কাজের মাঠ পরিদর্শন করে প্রতিবেদন জমা দেওয়াসহ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদের কাজসহ প্রশাসনিক কাজে সহযোগিতার করার নির্দেশনা দেওয়া হয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি ডিজিএম সভায় জানান যে, বর্তমানে লোডশেডিং নেই, বিভিন্ন সরকারি দপ্তর বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে সভায় সকল দপ্তর প্রধানদের বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করেন। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২০ | বিবিধ | ১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ৫ জুলাই দেশের উদ্ভূদ্ধ পরিস্থিতিতে উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন দপ্তরের নিরাপত্তা নিশ্চিত করণ এবং জনগণের মাঝে সচেতনতা তৈরি করার জন্য প্রচারনার খরচ বাবদ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঘ) নং অনুচ্ছেদ মোতাবেক ৫০,০০০ (পঞ্চাশ হাজার হাজার) টাকা এবং উপজেলা পরিষদ ভবনে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন ব্যয় বাবদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(দ) নং অনুচ্ছেদ মোতাবেক ১০০,০০০ (এক লক্ষ) টাকা ব্যয় করা প্রয়োজন। | আলোচনান্তে, বিধি মোতাবেক ব্যয় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১০/২৪

প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৪. ২৫৫

তারিখ : ২৮.১০.২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ........................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৬। অফিস কপি।

২৮/১০/২৪

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | [signature] |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | 01723903798 | [signature] |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | 01401830251 | [signature] |
| ০৫ | মো: কামরুজ্জামান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | 01762-665844 | [signature] |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মেলান্দহ | 01733253519<br>ulomelandahjamalpur@gmail.com | [signature] |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01823-282385<br>kgckamrulhasan@gmail.com | [signature] |
| ০৮ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01679540108<br>USSO.Melandah@gmail.com | [signature] |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712293228<br>ueomelandah@gmail.com | [signature] |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977<br>dyd melandah@gmail.com | [signature] |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01708161420<br>shubhashees@gmail.com | [signature] |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01818-822648 | [signature] |
| ১৪ | মো: হাবিবুলাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01716413833 | [signature] |
| ১৫ | শবনম মুস্তারী<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01917-872355<br>smustary01@gmail.com | [signature] |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926 | R Siraj |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01717-189658<br>useo_melandah@yahoo.com | [signature] |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01710880702<br>ucfmelandah856@gmail.com | [signature] |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435<br>raihan.ugdp@gmail.com | [signature] |
| ২০ | মো: খোরশেদ আলম, ডিভিশনাল পল্লী বিদ্যুৎ | 01967-802218 | [signature] |

## সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রশাসক মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ২. | প্রশাসক হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৩. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ৪. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | 01711620685 | |
| ৫. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৬. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | 01712125156 | |
| ৭. | মো: শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | 01307489628 | পক্ষে আমি ইউপি প্রশাসনিক কর্মকর্তা |
| ৮. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | 01740575702 | |
| ৯. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | 01715995985 | |
| ১০. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | | |
| ১১. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01711548178 | ২৮/১০/২০২৪ |
| ১২. | মোছা: আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৩. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | 01712-391939 | |

উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.২৪ তারিখ ঃ ২৩.১০.২০২৪

নোটিশ

আগামী ২৮.১০.২০২৪ তারিখ, রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা প্রশাসক এর অফিস কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব এস.এম. আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৮.১০.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৭.১০.২৪ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৩/১০/২৪
(প্রশাসক)
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

.........................................................
........................................ সম্মানীত সদস্য
উপজেলা পরিষদ মাসিক সভা, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.৪২৪ তারিখঃ ২৩.১০.২০২৪
অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

২৩/১০/২৪
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।